



স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.৫১৮

তারিখ: ২৯ চৈত্র, ১৪২৭  
১২ এপ্রিল, ২০২১


## বিজ্ঞপ্তি

আসন্ন পবিত্র মাহে রমজান উপলক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে সকল-কে শুভেচ্ছা। মন্ত্রিপরিষদ বিভাগের ১২.০৪.২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.০০.১২০ নং স্মারক মোতাবেক এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৫.০৪.২০২১ খ্রি. তারিখের ১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.৫১৪ নং স্মারকের অনুবৃত্তিক্রমে বিশ্বব্যাপী প্রাণঘাতি করোনা ভাইরাস ভয়াবহ মহামারী আকার ধারণ করায় যথাযথ সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান পরিস্থিতিতে আগামী ১৪ এপ্রিল ২০২১খ্রি. হতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত মসজিদে নামাজ আদায়ে নিয়োক্ত নির্দেশনা জারী করা হলো:

- (ক) মসজিদে পাঁচ ওয়াক্ত নামাজের প্রতি ওয়াক্তে সর্বোচ্চ ২০ জন মুসল্লি অংশগ্রহণ করবেন;
- (খ) তারাবীর নামাজে খতিব, ইমাম, হাফেজ, মুয়াজ্জিন ও খাদিমসহ সর্বোচ্চ ২০ জন মুসল্লি অংশগ্রহণ করবেন;
- (গ) জুম'আর নামাজে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে মুসল্লিগণ অংশগ্রহণ করবেন;
- (ঘ) সম্মানিত মুসল্লিগণ-কে পবিত্র রমজানে তিলাওয়াত ও যিকিরের মাধ্যমে মহান আল্লাহর রহমত ও বিপদ মুক্তির জন্য দু'আ করার অনুরোধ করা হলো।

২। প্রাণঘাতি করোনা ভাইরাস সংক্রমণ রোধে স্থানীয় প্রশাসন, আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণকারী বাহিনী, ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা-কর্মচারী এবং সংশ্লিষ্ট মসজিদের পরিচালনা কমিটিকে উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো।

  
১২.০৪.২০২১  
(মো: সাখাওয়াৎ হোসেন)

উপসচিব

ফোন-৯৫১৫৫৪৩

e-mail: [moragovbd@gmail.com](mailto:moragovbd@gmail.com)

বিতরণ: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হল: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) সিনিয়র সচিব, ....., মন্ত্রণালয়/বিভাগ।
- ৫) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৬) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৭) সচিব, ....., মন্ত্রণালয়/বিভাগ।
- ৮) প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৯) মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
- ১০) প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি সকল ইলেক্ট্রনিক ও প্রেস মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)
- ১১) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ১২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৩) প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ১৪) বিভাগীয় কমিশনার (সকল)।
- ১৫) মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)।
- ১৬) উপ-মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ (সকল রেঞ্জ)।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

- ১৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা সিটি কর্পোরেশন।
- ১৮) জেলা প্রশাসক (সকল)।
- ১৯) পুলিশ সুপার (সকল)।
- ২০) পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
- ২১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২৩) মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২৪) সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
- ২৫) সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৬) সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২৭) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
- ২৮) পরিচালক/উপ-পরিচালক, সকল বিভাগ ও জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।
- ২৯) প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩০) অফিসার ইনচার্জ, সকল থানা। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।